রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২শে সেপ্টেম্বর, ২০১০/৭ই আশ্বিন, ১৪১৭

নিম্নলিখিত বিলটি ২২শে সেপ্টেম্বর, ২০১০ (৭ই আশ্বিন, ১৪১৭) তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে ঃ

বা. জা. স. বিল নং ৫৬/২০১০

ভোটার তালিকা আইন, ২০০৯ সংশোধনকল্পে আনীত বিল।

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন ভোটার তালিকা (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০০৯ সনের ৬ নং আইনের ধারা ৮ এর সংশোধন**।—ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৫) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-ধারা (৬) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৬) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে বসবাস করিলে, তিনি সর্বশেষ যে নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসবাস করিয়াছেন অথবা তাহার নিজ বা পৈতৃক বসতবাড়ী যে স্থানে অবস্থিত ছিল বা আছে, তিনি সেই এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন।

মূল্য ঃ টাকা ২.০০

উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮(১) এর বিধান অনুযায়ী কোন ব্যক্তি সচরাচর যে নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসবাস করেন কিংবা যে নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসতবাড়ী ভোগ দখল করেন কিংবা বসতবাড়ী ও অন্যান্য স্থাবর সম্পত্তির মালিক হন তিনি সেই নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী হিসেবে গণ্য হন এবং, ধারা ৭(১) এর অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে, ভোটার হিসেবে সেই এলাকার ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে পারেন। কিন্তু, প্রবাসী কোন নাগরিক দীর্ঘদিন প্রবাসে অবস্থানের কারণে সচরাচর কোন নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসবাস না করলে কিংবা কোন নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসতবাড়ী ভোগদখল না করলে বা বসতবাড়ী ও অন্যান্য স্থাবর সম্পত্তির মালিক না হলে বিদ্যমান বিধান অনুযায়ী উক্ত ব্যক্তির ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির সুযোগ নেই।

২। বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণ যাতে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করতঃ ভোটাধিকার প্রয়োগ করতে পারে সে বিষয়ে প্রবাসীদের একটি দীর্ঘদিনের দাবী ছিল। এবিষয়ে নির্বাচন কমিশন হতেও একটি প্রস্তাব পাওয়া যায়। বর্তমান গণতান্ত্রিক সরকার সকল নাগরিকের ভোটাধিকার প্রতিষ্ঠার বিষয়ে বদ্ধপরিকর এবং প্রবাসীদের উক্ত দাবীর প্রতি অত্যন্ত আন্তরিক। সেকারণে বিষয়টি বিবেচনায় নিয়ে প্রবাসী সকল যোগ্য নাগরিকের নাম যাতে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারে সেই উদ্দেশ্যে বিবেচ্য বিলে ভোটার তালিকা আইন, ২০০৯ সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

ব্যারিস্টার শফিক আহমেদ
ভারপ্রাপ্ত মন্ত্রী।

আশফাক হামিদ
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd